

জীবন বৃত্তান্ত



জনাব মো: শরাফত জামান এর জন্ম ০১ আগস্ট ১৯৬২ টাংগাইল জেলায়। তাঁর পিতার নাম মো: কছিম উদ্দিন ও মাতার নাম আকলিমা বেগম। তিনি টাংগাইল জেলার মোহনপুর পাবলিক হাই স্কুল, গোপালপুর হতে এস.এস.সি এবং নটরডেম কলেজ, ঢাকা হতে এইচ.এস.সি. সম্পন্ন করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর Animal Husbandry অনুষদ হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিপ্লি অর্জন করেন।

তিনি ০১/০৮/১৯৮৭ খ্রি. তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তরে প্রাণিসম্পদ কর্মকর্তা, চান্দিনা কুমিল্লা কার্যালয়ে (বিসিএস প্রাণিসম্পদ ৭ম ব্যাচ) চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (মুন্সিগঞ্জ ও ময়মনসিংহ) হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ১৫/০৫/২০১৬ খ্রি. তারিখে পদোন্নতি পেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে যোগদান করেন। তিনি গত ২০/১১/২০১৬ খ্রি. তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব (হজ) হিসেবে কর্মরত আছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ডেনমার্ক, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া, ভারত ও সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত। তিনি ০১ (এক) পুত্র ও ০১ (এক) কন্যা সন্তানের জনক।